

ডিজিটাল বিবরণী - পাঙ্কলিপি (Digital Narration – Script)

‘ক্যামডেন হোম কানেকশন্স’এ সবাইকে স্বাগতম । এটি হলো একটি পদ্ধতি যেভাবে ক্যামডেন তার বাসস্থানগুলো ভাড়া দেবে । এই পদ্ধতি মোতাবেক, প্রতি সপ্তাহে একটি ‘বিডিং’ অনুষ্ঠিত হবে যেখানে আপনি আপনার পছন্দসই বাসস্থানটি বেছে নেওয়ার সুযোগ পাবেন ।

‘বিড’ করার পদ্ধতিটি খুবই সহজ । আপনি প্রতিদিন দিনে বা রাতে যে কোন সময় আমাদের ওয়েবসাইট অথবা স্বয়ংক্রিয় টেলিফোন সার্ভিস ব্যবহার করে ‘বিড’ করতে পারেন ।

কোন বাসস্থান খালি হওয়ার সাথে সাথেই যে আপনাকে বিড করতে হবে তা নয়, আপনি সোমবার মধ্যরাতের মধ্যে আপনার ‘বিড’ দাখিল করতে পারেন । ‘বিড’ করার জন্য কোন বাসস্থান খালি আছে কি না সেটা আপনি ওয়েবসাইট এবং স্বয়ংক্রিয় টেলিফোন সার্ভিস থেকে জেনে নিতে পারেন ।

আপনার একটি লগইন নম্বর থাকবে যাকে বলা হয় ‘ইউজার আই.ডি.’ বা ব্যবহারকারীর আই.ডি. (পরিচিতি নম্বর) এবং আরো থাকবে একটি ‘পিন নম্বর’ যেটা হলো আপনার জন্ম তারিখ ।

‘বিড’ দাখিল করার সবচেয়ে ভালো উপায় হলো:

- ওয়েবসাইটের মাধ্যমে - আপনার ‘ব্যবহারকারীর আই.ডি.’ এবং পিন নম্বর ব্যবহার করে আপনি এই সপ্তাহের বিজ্ঞপ্তি থেকে খালি বাসস্থানগুলোর তালিকা দেখে নিতে পারেন । আপনি দেখবেন যে, বেছে নেওয়ার মতো আপনার জন্য বিভিন্ন বিকল্প রয়েছে, এবং আপনি সকল খালি বাসস্থান সম্পর্কে বিস্তারিত তথ্যও ওয়েবসাইট থেকে দেখে নিতে পারেন ।
- স্বয়ংক্রিয় টেলিফোন সার্ভিসের মাধ্যমে - আপনি কোন্ ভাষায় তথ্য পেতে চান সেটা বলার পর আপনাকে ‘বিড’ করার সকল নিয়ম-কানুন বলে দেওয়া হবে । আপনি যে বাসস্থানটির জন্য ‘বিড’ করতে চান সেটির বিজ্ঞপ্তি নম্বর আপনার জানা থাকতে হবে ।

বিজ্ঞপ্তির কপিগুলো লাইবেরী, ডিস্ট্রিক্ট হাউজিং অফিস, ক্যামডেন টাউন হল এবং বিডবারা হাউস থেকে পাওয়া যায় ।

দয়া করে লক্ষ্য করুন যে, কিছু কিছু বাসস্থান দেখার জন্য খুব অল্প সময় দেওয়া হয়, আর তাই, আমরা যাতে সময় মতো আপনার সাথে যোগাযোগ করতে পারি সেজন্য অবশ্যই আপনি আমাদেরকে আপনার সঠিক ফোন নম্বর দেবেন । যদি আমরা সময় মতো আপনার সাথে যোগাযোগ করতে না পারি, তাহলে আপনি হয়তো কোন বাসস্থান দেখার সুযোগ হারাতে পারেন । আপনি চিঠি লিখে অথবা 020 7974 6498 নম্বরে ‘অ্যালোকেশনস টিম’কে ফোন করে আমাদেরকে আপনার সঠিক ফোন নম্বরটি জানিয়ে দিতে পারেন ।

বাসস্থান দেখার তারিখ ও সময় এবং বাসস্থানের ঠিকানা আপনাকে টেলিফোনে জানিয়ে দেওয়া হবে। এটিই হবে বাসস্থানটি দেখার ব্যাপারে আপনার প্রতি আমাদের নোটিশ এবং এ ব্যাপারে আপনাকে চিঠি দেওয়া হবে কি না সে কথাও আপনাকে জানিয়ে দেওয়া হবে।

যদি আপনাকে কোন বাসস্থান দেখার জন্য আমন্ত্রণ জানানো হয়, তাহলে পরিদর্শনের সময় অবশ্যই সাথে করে আপনার পরিচিতিমূলক কোন কাগজপত্র এবং আপনার ঠিকানার প্রমাণস্বরূপ কোন কাগজপত্র যেমন গ্যাস, বিদ্যুৎ অথবা ফোন বিল, সাথে করে নিয়ে আসবেন।

অগ্রাধিকারের ভিত্তিতে, আপনার সাথে সাথে আরো কয়েকজন লোককেও বাসস্থানটি দেখার জন্য আমন্ত্রণ জানানো হবে। আপনার সাথে যোগাযোগ করার সময়ই, বাসস্থানটি পাওয়ার ব্যাপারে আপনার কতটা অগ্রাধিকার রয়েছে সেটা আপনাকে জানিয়ে দেওয়া হবে। কোন বাসস্থান দেখার জন্য যদি আপনাকে আমন্ত্রণ জানানো হয়, তাহলে বাসস্থানটি দেখার সময় ঐ স্থানে বসেই আপনাকে সিদ্ধান্ত নিতে হবে যে আপনি বাসস্থানটি নেবেন কি না। কোন বাসস্থান না নেওয়ার আগে আপনাকে খুব সতর্কতার সাথে ভেবে দেখতে হবে। কারণ, পরবর্তীতে যদি আপনি বাসস্থান নিতে আগ্রহী হন, তাহলে আপনাকে হয়তো বাসস্থানটি দেওয়া আর সম্ভব নাও হতে পারে, কারণ ইতিমধ্যে হয়তো অন্য কাউকে বাসস্থানটি দেওয়ার প্রস্তাব করা হয়ে থাকতে পারে। তাছাড়া, সঠিক সময়ে বাসস্থানটি দেখতে যাওয়াও খুবই গুরুত্বপূর্ণ। যদি আপনি দেরীতে যান, তাহলে হয়তো অন্য কাউকে বাসস্থানটি দেওয়ার জন্য প্রস্তাব করা হতে পারে। পরিদর্শনের পর যদি আপনি বাসস্থানটি না নিতে চান, তাহলে সেটা আপনার বাসস্থানের দরখাস্তের উপর কোন প্রকার প্রভাব ফেলবে না।

আপনি যত খুশি তত বাসস্থানের জন্য 'বিড' করতে পারেন, তবে আমরা অনুরোধ করবো যে, যে বাসস্থানে আপনি আসলেই যেতে চান কেবল সে সব বাসস্থানের জন্যই 'বিড' করবেন।

কিছু কিছু বাসস্থানের জন্য আপনাকে হয়তো মনোনীত করা নাও হতে পারে, কারণ সেগুলো বিশেষ শ্রেণীর টেনেন্টদের জন্য সংরক্ষিত রাখা হয়েছে। এসব বাসস্থানের পাশে সাধারণত তারকা চিহ্ন দেওয়া থাকে অথবা সেগুলো শুধু সেই ধরনের লোকজনকে দেওয়া হয় যাদের স্বাস্থ্যগত কারণে নিচ তলার বাসস্থানে যাওয়া দরকার। হাউজিং অ্যাসেসিয়েশন অনেক সময় তাদের বাসস্থানগুলো বড় আকারের পরিবারগুলোকে দিতে চায় না।

আপনার কোন প্রশ্ন থাকলে, 020 7974 6498 নম্বরে 'পারমানেন্ট অ্যালোকেশনস্'এর সাথে যোগাযোগ করবেন। বাসস্থানের 'বিডে' আপনি সফল হবেন এই কামনা করি!